48

দৈনিক জনকণ্ঠ

তারিখ 05 JUN 1998
পৃষ্ঠা ৩ কলাম ৩

# ঢাঃবিঃ বাণিজ্য অনুষদে ভর্তি ফী বৃদ্ধি ॥ কয়েকটি ছাত্র সংগঠনের ক্ষোভ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদে ভর্তি ফী বাড়িয়ে দ্বিগুণেরও বেশি করা হয়েছে। সব ক'টি অনুষদেই এভাবে ভর্তি ফী বাড়ানোর জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছে। কর্তৃপক্ষের এই সিদ্ধান্তে কয়েকটি ছাত্র সংগঠনের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

গত বছর অনার্স প্রথম বর্ষে বাণিজ্য অনুষদের জন্য নির্ধারিত ফী ছিল ২ হাজার ৪শ' টাকা এই ফী বাড়িয়ে এ বছর করা হয়েছে ৫ হাজার ৪শ' টাকা। কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান ও আইন অনুষদে ভর্তি ফী একই হারে বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। আট মাস আগে বেতন ও ফী বৃদ্ধির সিদ্ধান্ত নিলে কয়েকটি ছাত্র সংগঠন ধর্মঘট ডেকে কর্তৃপক্ষকে সিদ্ধান্ত প্রত্যাহার করতে বাধ্য করে। এবারও ভর্তি ফী বৃদ্ধির প্রতিবাদে ছাত্র সংগঠনগুলো খুব শীঘ্রই কর্মসূচী দিবে বলে জানা গেছে।

উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সঙ্গে আলাপ করলে তিনি এ প্রসঙ্গে বলেন, 'বিশ্ববিদ্যালয় থেকে অছাত্র সন্ত্রাসীদের তাড়ানোর জন্য ছাত্রদের পরিচয়পত্র প্রদান করা হবে।